গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
আইসিটি শাখা

ফেব্রুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	এস. এম. শান্তুনু চৌধুরী অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
সভার তারিখ	১৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.
সভার সময়	সকাল ১১.৩০ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	পরিশিষ্ট ' ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভাপতি জেলা প্রশাসনসহ সকল সরকারি দপ্তরের নতুন কোন উদ্ভাবনী উদ্যোগ এবং কর্মপরিকল্পনা থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

মাঠ (জেলা) পর্যায়ের অফিসের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন ইত্যাদি কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। উপজেলা ইনোভেশন কমিটির সভা নিয়মিত আয়োজন করা এবং সভার কার্যবিবরণী নিয়মিত জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণসহ স্ব-স্ব উপজেলার তথ্য বাতায়নে আপলোড করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।

সেবা সহজীকরণ ও আধুনিকীকরণে উচ্চ প্রযুক্তি ব্যবহার করে সফটওয়্যার, হার্ডওয়্যার এবং নেটওয়ার্ক উন্নয়নের জন্য গুরুত্বারোপ করা হয় এবং এ ব্যাপারে দক্ষ জনবল গড়ার বিষয়ে আলোচনা করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী এবং উদ্ভাবনী উদ্যোগসমূহের বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ প্রতিষ্ঠা এবং উন্নত বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট বাংলাদেশ রোডম্যাপ-এ ৪ টি পিলার যথাক্রমে স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি ও স্মার্ট গভার্ন্যান্স বাস্তবায়নে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ এ কার্যালয়ের আইসিটি শাখায় প্রেরণ করার জন্য বিশেষ গুরুত্ব দেওয়া হয়। আইসিটি ভিত্তিক মানব সম্পদ উন্নয়ন এবং আইসিটি ভিত্তিক শিল্পের বিকাশের জন্য ফ্রন্টিয়ার টেকনোলজি যেমন: এআই, আইওটি, ক্লাউড কম্পিউটিং, রোবটিক্স ইত্যাদি প্রযুক্তির প্রচার বৃদ্ধি করে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ১ম স্তম্ভ স্মার্ট সিটিজেন ও ২য় স্তম্ভ স্মার্ট গভর্নমেন্ট এর বাস্তবায়নে গুরুত্ব দিতে হবে।	টিমের সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
০২	ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচকের ৫.১.১ এবং ৫.১.২ মোতাবেক ওয়েবপোর্টাল হালনাগাদকরণ নিশ্চিতকরণের উপর গুরুত্বারোপ করতে হবে। ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচকের ৬.১.১ মোতাবেক চলতি অর্থবছরে আরও ০১টি কর্মশালা আয়োজন করার জন্য গুরুত্বারোপ করা হয়।	টিমের সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
০৩	জাতীয় শুদ্ধাচার কৌশল ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন কাঠামোর সঙ্গে সঙ্গতি রেখে, ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচকের ১.১.১ মোতাবেক সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার জন্য আলোচনা করা হয়।	টিমের সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
০৪	জেলা ও উপজেলার উদ্ভাবনী কর্মপরিকল্পনার তথ্য স্ব-স্ব প্রতিষ্ঠানের তথ্য বাতায়নে নিয়মিত হালনাগাদ করতে হবে। উপজেলা ইনোভেশন কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণী নিয়মিত জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।	জেলা পর্যায়ে দপ্তর প্রধান (সকল); উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
০৫	জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে চট্টগ্রাম বিভাগীয় শহরে মাঠ পর্যায়ের সম্ভাবনাময় উদ্ভাবনী উদ্যোগ ও উদ্ভাবককে চিহ্নিত করা, সরকারের উদ্ভাবনী কার্যক্রম সেবাসমূহকে নাগরিকের কাছে পরিচিত করা এবং মাঠ পর্যায়ের উদ্ভাবনসমূহ সারাদেশে ছড়িয়ে দেয়ার সুযোগ তৈরী করার লক্ষ্যে আগামী মার্চ ২০২৪ মাসের প্রথম সপ্তাহে ০২ (দুই) দিনব্যাপী **'বিভাগীয় পর্যায়ে উদ্ভাবনী মেলা'** তে অংশগ্রহণের নিমিত্তে সর্বমোট ০৩ (তিনটি) উদ্ভাবনী উদ্যোগসমূহের তালিকা চূড়ান্ত করে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়।	জেলা প্রশাসন, ব্রাহ্মণবাড়িয়া, উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

সভাপতি সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা এবং সক্রিয় অংশগ্রহণ কামনা করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: পরিশিষ্ট-ক।

এস. এম. শান্তুনু চৌধুরী
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০২৭.০৬.০০৬.২২.১১

তারিখ: ৭ ফাল্গুন ১৪৩০

২০ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

২) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ।

৩) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।

৪) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।

৫) জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

৬) সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া

৭) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।

৮) জেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া।

৯) উপপরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর,ব্রাহ্মণবাড়িয়া

১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া।

১১) তথ্য অফিসার, তথ্য অফিসারের দপ্তর, জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়িয়া

১২) জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ব্রাহ্মণবাড়িয়া

১৩) জেলা সমবায় কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া

১৪) প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া

১৫) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, ব্রাহ্মণবাড়িয়া

১৬) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর, জেলা হিসাব রক্ষণ অফিস, ব্রাহ্মণবাড়িয়া।

১৭) জনাব কাজী শরীফুল ইসলাম, সহকারী অধ্যাপক, ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া ।

১৮) জনাব মো: নাছির উদ্দিন, সহকারী অধ্যাপক, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া ।

১৯) অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইন্সটিটিউট, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া

২০) অধ্যক্ষ, জাহানারা কুদ্দুস ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউট, আন্দিদিল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

এস. এম. শান্তুনু চৌধুরী
অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)